

💵 ফাতাওয়া আরকানুল ইসলাম

বিভাগ/অধ্যায়ঃ ঈমান

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ বিন সালিহ আল-উসাইমীন (রহঃ)

প্রশ্ন: (৬৯) গাইরুল্লাহর নৈকট্য হাসিলের জন্য পশু কুরবানী করার হুকুম কী? গাইরুল্লাহর নামে যবাই করা পশুর গোশত ভক্ষণ করা জায়েয় আছে কী?

উত্তর: গাইরুল্লাহর নামে পশু যবাই করা বড় শির্কের অন্তর্ভুক্ত। কেননা যবাই করা একটি ইবাদাত। তা আলা এ মর্মে আদেশ দিয়ে বলেন,

﴿فَصِلٌ لِرَبِّكَ وَٱنا ٓحُرااً ٢﴾ [الكوثر: ٢]

"আপনার রবের জন্য সালাত পড়ুন এবং কুরবানী করুন।" [সূরা আল-কাউসার, আয়াত: ২]

﴿قُل ۚ إِنَّ صَلَاتِي وَنُسُكِي وَمَحايَايَ وَمَمَاتِي لِلَّهِ رَبِّ ٱلسَّعْلَمِينَ ١٦٢ لَا شَرِيكَ لَهُ اَكَ وَبِذَٰلِكَ أُمِراَتُ وَأَنَا ۚ أَوَّلُ الْاَعْمَ وَبِذَٰلِكَ أُمِراَتُ وَأَنَا اَوَّلُ الْاَعْمِينَ ١٦٣﴾ [الانعام: ١٦٢، ١٦٣]

"আপনি বলুন! আমার সালাত, আমার সমস্ত ইবাদাত, আমার জীবন এবং আমার মরণ সব কিছু সারা জাহানের রব আল্লাহর জন্যে। তাঁর কোনো শরীক নেই, আমি এর জন্যে আদিষ্ট হয়েছি, আর আত্মসমর্পণকারীদের মধ্যে আমিই হলাম প্রথম।" [সূরা আল-আন-আম, আয়াত: ১৬২-১৬৩]

সুতরাং যে ব্যক্তি আল্লাহ ছাড়া অন্যের জন্যে পশু যবাই করবে, চাই সে কোনো ফিরিশতার উদ্দেশ্যে করুক বা নবী-রাসূলের উদ্দেশ্যে বা কোনো ওলী বা আলিমের উদ্দেশ্যে করুক, সবই শির্কে পরিণত হবে এবং এতে লিপ্ত ব্যক্তি মুশরিকে পরিণত হবে। সুতরাং মুসলিম ব্যক্তির উচিৎ এ ধরণের শির্কে লিপ্ত না হওয়া। আল্লাহ বলেন,

﴿إِنَّهُ ۚ مَن يُشْارِكَ بِٱللَّهِ فَقَدا حَرَّمَ ٱللَّهُ عَلَياهِ ٱلاَجَنَّةَ وَمَأْاوَلَهُ ٱلنَّارُ ۚ وَمَا لِلظُّلِمِينَ مِن ٱلنَّهُ عَلَياهِ ٱلمائدة:

"নিশ্চয় যে ব্যক্তি আল্লাহর সাথে অংশী স্থাপন করবে, আল্লাহ তার জন্যে জান্নাত হারাম করে দিয়েছেন এবং তার বাসস্থান হবে জাহান্নাম, আর এরূপ অত্যাচারীদের জন্যে কোনো সাহায্যকারী হবে না।" [সূরা আল-মায়েদা, আয়াত: ৭২]

গাইরুল্লাহর জন্যে যবাইকৃত পশুর মাংস খাওয়া হারাম। যেমন, আল্লাহ বলেন,

﴿ حُرِّمَت ؟ عَلَيهُ كُمُ ٱلهَمَيهَ تَهُ وَٱلدَّمُ وَلَحهُمُ ٱلهَخِنزِيرِ وَمَاۤ أَهِلَّ لِغَيهِ وَٱلهَّهِ بِهِ ؟ وَٱلهَمُنهُ خَنِقَةُ وَٱلهَمَوا قُوذَةُ وَٱلهَمُتَرَدِّيةُ وَٱلنَّطِيحَةُ وَمَا أَكُلُ ٱلسَّبُعُ إِلَّا مَا ذَكَّيهَ تُم ۚ وَمَا ذُبِحَ عَلَى ٱلنُّصُبِ ﴾ [المائدة: ٣]

"তোমাদের জন্যে মৃত, রক্ত, শুকরের মাংস, আল্লাহ ছাড়া অপরের নামে উৎসর্গকৃত পশু, গলাটিপে মারা পশু, প্রহারে মৃত পশু, উপর থেকে পতিত হয়ে মারা যাওয়া পশু, অন্য পশুর শিংয়ের আঘাতে মৃত পশু এবং হিংস্র জন্তুর ভক্ষণ করা পশুর মাংস খাওয়া হারাম করা হয়েছে। তবে যা তোমরা যবাই দ্বারা পবিত্র করেছ, তা হালাল। আর যে সমস্ত পশুকে পূজার বেদীর উপর বলি দেওয়া হয়েছে, তাও তোমাদের জন্য হারাম।" [সূরা আল-মায়েদা,





আয়াত: ৩]

• Source — https://www.hadithbd.com/books/link/?id=601

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন